# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
**ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ**

Tel : 9558109, 9565848
Web : www.krishibank.org.bd
E-mail: dgmfrmd@krishibank.org.bd
agmfrmd@krishibank.org.bd

সূত্র ঃ প্রকা/এফআরএমডি/০৯(০৪)/২০১৯-২০২০/২৩৭ তারিখ ঃ০৮.০৮.২০১৯ইং

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

**বিষয় : বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের নীতিমালা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্নিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের এফই সার্কুলার নং-৩১ তারিখ ঃ ০৬ আগস্ট, ২০১৯ (কপি সংযুক্ত) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। উক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের গুরুত্ব বিবেচনায় দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে বিদেশে কর্মরত বাংলাদেশী শ্রমজীবী মানুয়ের কষ্টার্জিত বৈদেশিক আয় বৈধ উপায়ে দেশে প্রত্যাবাসন উৎসাহিত করার জন্য প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে সরকার কর্তৃক প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ সুবিধা ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

০২। ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের ক্ষেত্রে প্রদানযোগ্য প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক নিম্নোক্ত অনুসরণীয় পদ্ধতি নিম্নরুপ ঃ

(ক) বিদেশ হতে প্রেরিত প্রবাসী বাংলাদেশীদের রেমিট্যান্সের ক্ষেত্রে রেমিট্যান্স আহরণকারী ব্যাংক প্রযোজ্য বিনিময়হারে টাকায় রূপান্তরিত অর্থ প্রচলিত বিধিবিধান পরিপালন করতঃ উপকারভোগীর হিসাবে জমা/উপকারভোগীকে প্রদানের সময় উক্ত অর্থের উপর ২ (%) শতাংশ হারে নগদ সহায়তা প্রদান করবে;

(খ) বাংলাদেশস্থ ব্যাংকের সাথে সম্পাদিত চুক্তির আওতায় পরিচালিত বিদেশী এক্সচেঞ্জ হাউজ/ব্যাংকের মাধ্যমে আলোচ্য অর্থ প্রত্যাবাসিত হতে হবে;

(গ) একজন প্রবাসীর রেমিট্যান্সের উপর প্রতিবারে সর্বোচ্চ মাঃডঃ ১৫০০ (এক হাজার পাঁচশত)/সমমূল্যের অর্থের জন্য উল্লিখিত হারে কোন প্রকার কাগজপত্র ব্যতিরেকে প্রণোদনা সুবিধা প্রযোজ্য হবে;

(ঘ) মাঃডঃ ১৫০০ (এক হাজার পাঁচশত)/সমমুল্যের অর্থের এর বেশী লেনদেনে প্রাপককে রেমিট্যান্স প্রেরকের বৈধ কাগজপত্র (যেমন ঃ পাসপোর্টের কপি এবং বিদেশী নিয়োগদাতা কর্তৃক প্রদত্ত নিয়োগপত্রের কপি/বিএমইটি প্রদত্ত সনদপত্রের কপি, ব্যবসায় নিয়োজিত ব্যক্তির ক্ষেত্রে ব্যবসার লাইসেন্সের কপি ইত্যাদি) রেমিট্যান্স প্রদানকারী ব্যাংক শাখায় দাখিল সাপেক্ষে নগদ সহায়তা প্রদান করা যাবে;

(ঙ) বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা গ্রহণের প্রমাণ পাওয়া গেলে পরবর্তীতে সে/তাঁরা এ সুবিধা প্রাপ্য হবে না এবং বিধিবহির্ভূতভাবে প্রদত্ত অর্থ তার কাছ থেকে আদায়যোগ্য হবে।

০৩। উল্লেখিত নির্দেশনার আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক রেমিট্যান্স বেনিফিশিয়ারীদেরকে প্রনোদনা/নগদ সহায়তা প্রদানের জন্য একটি নীতিমালা প্রনয়ন করা হচ্ছে - যা শীঘ্রই মাঠ পর্যায়ে জারী করা হবে। উল্লেখ্য ১লা-জুলাই-২০১৯ হতে যে সকল বেনিফিশিয়ারী কৃষি ব্যাংকের শাখা হতে (স্পট ক্যাশ/একাউন্ট ডিপোজিট) রেমিট্যান্স গ্রহন করেছেন সে সকল গ্রাহকগন এই ২% প্রনোদনা/নগদ সহায়তা প্রাপ্য হবেন। তবে বিকেবি কর্তৃক প্রনোদনা/নগদ সহায়তা প্রদানের নীতিমালা জারী করার পর বেনিফিশিয়ারীদেরকে প্রনোদনা/নগদ সহায়তা প্রদান কার্যকর হবে। ব্যাংকের প্রতিটি শাখা কর্তৃক ২% প্রনোদনা/নগদ সহায়তা প্রদানের বিষয়টি সকল রেমিট্যান্স গ্রাহক/বেনিফিশিয়ারীকে অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(গীতা রানী সাহা)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি ঃ ০৫ (পাঁচ) পাতা।

সূত্র ঃ প্রকা/এফআরএমডি/০৯(০৪)/২০১৯-২০২০/২৩৭ তারিখ ঃ০৮.০৮.২০১৯ইং

সদয় অবগতির জন্য অনুলিপি (ই-মেইল এর মাধ্যমে) প্রেরণ করা হলোঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর /অধ্যক্ষ, টিআই, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(উপ-মহাব্যবস্থাপক, আইসিটি অপারেশন ডিপার্টমেন্টকে পত্রটি সংযুক্তিসহ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।
০৭। নথি/মহানথি।

(মোহাম্মদ জসিম উদ্দিন)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

D:\ADMIN FRMD\DOCUMENTS\CASH INCENTIVE ON WAGE EARNERS REMITTANCE.DOCX

## বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৩১ তারিখ ঃ ০৬ আগষ্ট, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের নীতিমালা।**

বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের গুরুত্ব বিবেচনায় দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে বিদেশে কর্মরত বাংলাদেশী শ্রমজীবী মানুয়ের কষ্টার্জিত বৈদেশিক আয় বৈধ উপায়ে দেশে প্রত্যাবাসন উৎসাহিত করার জন্য প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে সরকার কর্তৃক প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ সুবিধা ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের ক্ষেত্রে প্রযোজ্য হবে। প্রণোদনা/নগদ সহায়তা প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি হবে নিম্নরূপ ঃ

(ক) বিদেশ হতে প্রেরিত প্রবাসী বাংলাদেশীদের রেমিট্যান্সের ক্ষেত্রে রেমিট্যান্স আহরণকারী ব্যাংক প্রযোজ্য বিনিময়হারে টাকায় রূপান্তরিত অর্থ প্রচলিত বিধিবিধান পরিপালন করতঃ উপকারভোগীর হিসাবে জমা/ উপকারভোগীকে প্রদানের সময় উক্ত অর্থের উপর ২(দুই) শতাংশ হারে নগদ সহায়তা প্রদান করবে;

(খ) বাংলাদেশস্থ ব্যাংকের সাথে সম্পাদিত চুক্তির আওতায় পরিচালিত বিদেশী এক্সচেঞ্জ হাউজ/ব্যাংকের মাধ্যমে আলোচ্য অর্থ প্রত্যাবাসিত হতে হবে;

(গ) একজন প্রবাসীর রেমিট্যান্সের উপর প্রতিবারে সর্বোচ্চ মাঃডঃ ১৫০০ (এক হাজার পাঁচশত)/সমমূল্যের অর্থের জন্য উল্লিখিত হারে কোন প্রকার কাগজপত্র ব্যতিরেকে প্রণোদনা সুবিধা প্রযোজ্য হবে;

(ঘ) ১(গ) তে উল্লিখিত পরিমাণের বেশী লেনদেনে প্রাপককে রেমিট্যান্স প্রেরকের বৈধ কাগজপত্র (যেমন: পাসপোর্টের কপি এবং বিদেশী নিয়োগদাতা কর্তৃক প্রদত্ত নিয়োগপত্রের কপি/ বিএমইটি প্রদত্ত সনদপত্রের কপি, ব্যবসায় নিয়োজিত ব্যক্তির ক্ষেত্রে ব্যবসার লাইসেন্সের কপি ইত্যাদি) রেমিট্যান্স প্রদানকারী ব্যাংক শাখায় দাখিল সাপেক্ষে নগদ সহায়তা প্রদান করা যাবে;

(ঙ) বিধিবহির্ভূতভাবে নগদ সহায়তা গ্রহণের প্রমাণ পাওয়া গেলে পরবর্তীতে সে/তাঁরা এ সুবিধা প্রাপ্য হবে না এবং বিধিবহির্ভূতভাবে প্রদত্ত অর্থ তার কাছ থেকে আদায়যোগ্য হবে।

০২। (ক) বিভিন্ন ব্যাংকের মাধ্যমে পূর্ববর্তী এক বছরের প্রবাসী আয় আহরণের গড় মাসিক অংকের ভিত্তিতে তিন মাসের জন্য প্রয়োজনীয় নগদ সহায়তার অনুমিত পরিমাণের তহবিল সরকারি বরাদ্দ হতে বাংলাদেশ ব্যাংক ইমপ্রেস্ট আগাম আকারে সংশ্লিষ্ট ব্যাংকের অনুকূলে হস্তান্তর করবে;

(খ) ইমপ্রেস্ট তহবিল ব্যবহারের তথ্য ব্যাংকগুলো ফরম-ক অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্টে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করবে। ব্যাংকের যাচিত চাহিদার (বিগত বছরের একই সময়ে পরিশোধিত রেমিট্যান্সের পরিমাণের সাথে ১০% প্রবৃদ্ধি ধরে) প্রেক্ষিতে বর্তমান স্থিতি হতে প্রয়োজনীয় সমন্বয় সাধনান্তে পরবর্তী তিন মাসের তহবিল প্রদান করা হবে;

(গ) তফসিলী ব্যাংকের অনুকূলে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ইমপ্রেষ্ট তহবিল নিঃশেষিত হলেও ব্যাংক সমূহ নিজ তহবিল থেকে নির্ধারিত হারে নগদ সহায়তা প্রদান অব্যাহত রাখবে। পরবর্তীতে তাদের চাহিদার প্রেক্ষিতে সরকার হতে তহবিল পাওয়ার পর তা পুনঃভরণ করা হবে;

(ঘ) রেমিট্যান্স প্রাপকের অনুকূলে নগদ সহায়তা প্রদানে বিলম্ব/হয়রানি করা হলে সংশ্লিষ্ট ব্যাংক/কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঙ) ইমপ্রেস্ট আগাম ব্যাবহারের ব্যাংকওয়ারী স্থিতি পর্যালোচনান্তে একাউন্টস এন্ড বাজেটিং ডিপার্টমেন্ট সংশ্লিষ্ট ব্যাংককে প্রদত্ত ইমপ্রেস্ট আগাম হতে সম্ভাব্য চাহিদার অতিরিক্ত অংক ফেরত নিতে পারবে।

০৩। সংশ্লিষ্ট ব্যাংক প্রণোদনা/নগদ সহায়তা বাবদ পরিশোধিত অর্থের বিবরণী মাসিক ভিত্তিতে ফরম-'খ' অনুযায়ী বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করবে।

০৪। প্রণোদনা/নগদ সহায়তা বাবদ পরিশোধিত অর্থের স্বপক্ষে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র বাংলাদেশ ব্যাংকের/সরকারি বাণিজ্যিক নিরীক্ষা বিভাগের কার্যোত্তর যাচাই এর জন্য পরিশোধের তারিখ হতে অন্যূন ৩(তিন) বছর পর্যন্ত শাখায় সংরক্ষণ করবে।

০৫। বিধিবহির্ভূতভাবে প্রণোদনা/নগদ সহায়তার নামে অর্থ প্রদান করলে প্রদত্ত অর্থ বাংলাদেশ ব্যাংকের সাথে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের হিসাব বিকলনপূর্বক আদায় করা হবে। অনিয়মের সংগে জড়িত ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। বেনিফিশিয়ারি/প্রাপকের অনুকূলে নগদ সহায়তার অর্থ বিতরণ প্রক্রিয়া ঃ

(ক) রেমিট্যান্স আহরণকারী ব্যাংক নগদ সহায়তা প্রদানের জন্য একটি পৃথক টাকা হিসাব পরিচালনা করবে;

(খ) প্রাপকের হিসাব রেমিট্যান্স আহরণকারী ব্যাংক ভিন্ন অন্য কোন ব্যাংকে হলে রেমিট্যান্স আহরণকারী ব্যাংক ২% নগদ সহায়তাসহ বিইএফটিএন, আরটিজিএস, এনপিএসবি বা এমএফএস এর মাধ্যমে তাঁর (প্রাপকের)হিসাবে জমা করবে;

(গ) বেনিফিশিয়ারির মোবাইল ফোনে তার অনুকূলে রেমিট্যান্সের টাকা জমা হওয়ার মেসেজ/লেনদেনের রশিদ প্রদান করবে। উক্ত মেসেজে/লেনদেনের রশিদে সরকার প্রদত্ত নগদ সহায়তার পরিমাণ পৃথকভাবে উল্লেখ থাকতে হবে;

(ঘ) ১(ঘ) তে উল্লিখিত শর্ত মোতাবেক প্রাপক কর্তৃক রেমিট্যান্স গ্রহণের দিন প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করা সম্ভব না হলে পরবর্তী ৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে তা উপস্থাপন করলে রেমিট্যান্স প্রদানকারী ব্যাংকে তাকে প্রাপ্য নগদ সহায়তা প্রদান করবে;

(ঙ) প্রদত্ত রেমিট্যান্স এর অর্থ ফেরত প্রদানের মত কোন পরিস্থিতির উদ্ভব হলে নগদ সহায়তাসহ সমুদয় রেমিট্যান্স অথবা প্রযোজ্য ক্ষেত্রে শুধু নগদ সহায়তা রেমিট্যান্স আহরণকারী ব্যাংককে ফেরত প্রদান করতে হবে।

০৭। এ প্রণোদনা ০১ জুলাই, ২০১৯ হতে কার্যকর হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক।

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩

ফরম-ক

## প্রবাসী আয়খাতে.........সালের..........মাসের ইমপ্রেস্ট হিসাব ও সম্ভাব্য চাহিদা বিবরণী

অনুমোদিত ডিলার ব্যাংকের নামঃ.........................................................................

| ইমপ্রেস্ট হিসাবের প্রাথমিক স্থিতি (টাকা) | প্রতিবেদনাধীন মাসের মধ্যে পুনঃযোগান প্রাপ্তি | | প্রতিবেদনাধীন মাসে প্রণোদনা বাবদ পরিশোধিত অর্থের তথ্য | | | মাসান্তে সমাপনী স্থিতি (টাকা) (১+৩-৬) | সম্ভাব্য চাহিদা | | | ইমপ্রেস্ট হিসাবের পুনঃযোগানের সম্ভাব্য পরিমান (১০-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | তারিখ | পরিমাণ (টাকা) | বেনিফিশিয়ারীর সংখ্যা | রেমিটেন্সের পরিমান (টাকা) | প্রণোদনা বাবদ পরিশোধ (টাকা) | | বেনিফিশিয়ারীর সংখ্যা | রেমিটেন্সের পরিমান (টাকা) | প্রণোদনা বাবদ সম্ভাব্য পরিশোধ্য (টাকা) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |

--------

দাপ্তরিক সীল

------------------------------

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম, পদবী ও তারিখ

ফরম-খ

**প্রবাসী আয় খাতে প্রণোদনা/নগদ সহায়তা বাবদ পরিশোধিত হিসাবের.........সালের..........মাসের বিবরণী**

রেমিট্যান্স আহরণকারী অনুমোদিত ডিলার ব্যাংকের নামঃ..............................................................................

| প্রণোদনা গ্রহীতার তথ্য | | | | রেমিটেন্স প্রেরণকারীর তথ্য | | রেমিটেন্স সংশ্লিষ্ট তথ্য | | | | | | প্রণোদনা সংশ্লিষ্ট তথ্য | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| *নাম ও ঠিকানা | *জাতীয় পরিচয়পত্র /পাসপোর্ট/জন্ম সনদ নং | হিসাব নম্বর (যদি থাকে) | *ব্যাংক /এমএফএস এর নাম | *নাম | পেশা | *এক্সচেঞ্জ হাউজের নাম | *রেমিটেন্স প্রেরণের তারিখ | বৈদেশিক মুদ্রায় রেমিটেন্সের পরিমান (প্রযোজ্য ক্ষেত্রে) | বিনিময় হার (প্রযোজ্য ক্ষেত্রে) | *অর্থের পরিমান (টাকা) | ** লেনদেনের ধরণ | *প্রণোদনা/নগদ সহায়তা পরিমান (টাকা) | *প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধের তারিখ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩=১১*২% | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

* বাধ্যতামূলক

**লেনদেনের ধরণ বলতে গ্রাহকের হিসাবে রেমিট্যান্স আহরণকারী ব্যাংক কর্তৃক অর্থ স্থানান্তরের ধরণ অর্থাৎ কোন প্রক্রিয়ায় অর্থ প্রেরিত। যেমনঃ BEFTN, RTGS, NPSB, MFS ইত্যাদি

---------

দাপ্তরিক সীল

--------------------------------

ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর, নাম, পদবী ও তারিখ